# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি**

শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইট:** https://admission.cu.ac.bd

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিভিন্ন ইউনিট/উপ-ইউনিটের অধীনে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে ২০২১ বা ২০২২ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান এবং ২০২৩ বা ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের কাছ থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছু আবেদনকারীদের ইন্টারনেট সুবিধা সম্বলিত কম্পিউটার থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইট (https://admission.cu.ac.bd) এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। প্রতি ইউনিট/উপ-ইউনিট আবেদন ফি (প্রসেসিং ফি সহ) ১০০০/-(এক হাজার) টাকা। ভর্তিচ্ছুদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে প্রচারিত অনলাইনে আবেদন প্রক্রিয়া অনুসরণ করে আবেদন সম্পন্ন করে ফি পরিশোধ করতে হবে।

## ১. আবেদন গ্রহণ ও আবেদন ফি জমার তারিখ:

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ০১-০১-২০২৫ তারিখ সকাল ১১:০০ টা থেকে ১৫-০১-২০২৫ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে করা যাবে। ০১-০১-২০২৫ তারিখ সকাল ১১:০০ টা থেকে ১৮-০১-২০২৫ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত আবেদন ফি জমা দেয়া যাবে।

## ২. আবেদনের যোগ্যতা:

বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ডের অধীনে ২০২১ বা ২০২২ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০২৩ বা ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ আবেদন করতে পারবে। তবে আবেদনকারী ভর্তি নির্দেশিকায় উল্লিখিত ইউনিট/উপ-ইউনিট এর অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/ইনস্টিটিউট/বিষয়ে ভর্তির নির্ধারিত যোগ্যতা পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিট /উপ-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

| ইউনিট/উপ-ইউনিট | ইউনিট/উপ-ইউনিটভুক্ত বিষয়সমূহ |
|---|---|
| A ইউনিট | বিজ্ঞান, জীববিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং, এবং মেরিন সায়েন্সেস অ্যান্ড ফিশারিজ অনুষদভুক্ত সকল বিষয় |
| B ইউনিট | কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত ৯টি বিষয় (B1 ও B2 উপ-ইউনিটভুক্ত বিষয়সমূহ ব্যতীত); এবং শিক্ষা অনুষদভুক্ত শিক্ষা (IER) |
| B1 উপ-ইউনিট | কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত নাট্যকলা; চারুকলা; সংগীত |
| B2 উপ-ইউনিট | কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত আরবি; ইসলামিক স্টাডিজ; পালি |
| C ইউনিট | ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিষয় |
| D ইউনিট | সমাজবিজ্ঞান অনুষদভুক্ত সকল বিষয়; আইন অনুষদভুক্ত আইন; উচ্চ মাধ্যমিক মানবিক শাখার শিক্ষার্থীর জন্য জীববিজ্ঞান অনুষদভুক্ত ভূগোল ও পরিবেশবিদ্যা; মনোবিজ্ঞান |
| D1 উপ-ইউনিট | শিক্ষা অনুষদভুক্ত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স |

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় বাংলা ও ইংরেজি বিষয়সহ পদার্থবিদ্যা, রসায়ন ও গণিত/উচ্চতর গণিত বিষয় নিয়ে উত্তীর্ণদের **বিজ্ঞান গ্রুপ** হিসাবে বিবেচনা করা হবে; বাংলা ও ইংরেজি বিষয়সহ Accounting/Computerised Accounting System/Higher Accounting বিষয় নিয়ে উত্তীর্ণদের **ব্যবসায় শিক্ষা গ্রুপ** হিসাবে বিবেচনা করা হবে; এবং অন্যান্য বিষয় নিয়ে উত্তীর্ণদের **মানবিক গ্রুপ** হিসাবে বিবেচনা করা হবে।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ভর্তির ওয়েবসাইটে প্রচারিত ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

Md Khalid Hossain 29/12/2024

30/12/24

30.12.2024

30.12.24

GCE (O Level & A Level) **ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং সমমানের বিদেশী সার্টিফিকেটধারীদের ক্ষেত্রে:**

যে সকল আবেদনকারী ২০২১ বা ২০২২ সালের জিসিই 'ও' লেভেল পরীক্ষায় এবং ২০২৩ বা ২০২৪ সালের জিসিই 'এ' লেভেল (বিজ্ঞান/বাণিজ্যশাখা) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং ভর্তি নির্দেশিকায় উল্লিখিত ন্যূনতম যোগ্যতা রয়েছে তারা সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে প্রচারিত ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

এক্ষেত্রে সমতা নিরূপণ ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা মাত্র পরিশোধ করে সমতা সনদ গ্রহণের প্রক্রিয়া ০১-০১-২০২৫ থেকে ১২-০১-২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। সমতা নির্ধারণ সম্পন্ন হয়ে যোগ্য বিবেচিত হলে নির্ধারিত আবেদন ফি পরিশোধ করে যথানিয়মে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন করতে হবে।এ সংক্রান্ত বিস্তারিত বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইট (https://admission.cu.ac.bd)-এ প্রচারিত ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার অনলাইনে আবেদন প্রক্রিয়ায় পাওয়া যাবে।

এছাড়াও আবেদনকারী যে বিভাগ/ইনস্টিটিউট/বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক তাকে ভর্তি নির্দেশিকায় প্রতি ইউনিট/ উপ-ইউনিটের ৩নং ক্রমিকে উল্লিখিত ঐ বিভাগ/ইনস্টিটিউট/বিষয়ের জন্য নির্ধারিত যোগ্যতা ও শর্ত পূরণ করতে হবে।

## ৩. কোটায় আবেদনের যোগ্যতা:

এ বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে সাধারণ আসন ছাড়াও মুক্তিযোদ্ধা (মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তান), ওয়ার্ড, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, অ-উপজাতি, বিকেএসপি, অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী, পেশাদার খেলোয়াড় ও দলিত জনগোষ্ঠী কোটায় ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। সাধারণ আসনের ক্ষেত্রে আবেদনকারীর ভর্তির যে যোগ্যতা নির্ধারিত আছে, প্রতিবন্ধী কোটা ব্যতীত অন্যান্য সকল কোটায় ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের একই যোগ্যতা থাকতে হবে। এছাড়াও ভর্তি নির্দেশিকায় উল্লিখিত যে কোটার জন্য যে শর্ত আরোপ করা হয়েছে, তাদের সে শর্ত অবশ্যই পূরণ করতে হবে। কোটা সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে পাওয়া যাবে। ভর্তি নির্দেশিকায় ও ভর্তি ম্যানুয়ালে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীরা সকল অনুষদের অন্তর্গত নির্ধারিত বিভাগ/ইনস্টিটিউটে মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, অ-উপজাতি, ওয়ার্ড, বিকেএসপি এবং দলিত জনগোষ্ঠী কোটায় ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে কলা ও মানববিদ্যা অনুষদ,সমাজবিজ্ঞান অনুষদ, জীববিজ্ঞান অনুষদ এবং মেরিন সায়েন্সেস অ্যান্ড ফিশারিজ অনুষদভুক্ত বিভাগ/ ইনস্টিটিউটে ভর্তির ক্ষেত্রে অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ভর্তির জন্য আবেদন করা যাবে। বিজ্ঞান অনুষদভুক্ত গণিত/পরিসংখ্যান বিভাগে এবং কলা ও মানববিদ্যা অনুষদ, ব্যবসায় প্রশাসন অনুষদ,সমাজবিজ্ঞান অনুষদ ও আইন অনুষদের অন্তর্গত বিভাগ/ইনস্টিটিউটে শারীরিক প্রতিবন্ধী কোটায় ভর্তির জন্য আবেদন করা যাবে।শিক্ষা অনুষদের অন্তর্গত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে পেশাদার খেলোয়াড় কোটায় ভর্তির জন্য আবেদন করা যাবে।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে প্রচারিত ভর্তি নির্দেশিকা ও ভর্তি ম্যানুয়ালে পাওয়া যাবে।

## ৪. ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার কেন্দ্র ও সময়সূচি:

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা চট্টগ্রাম, ঢাকা এবং রাজশাহীতে ঘোষিত কেন্দ্র/কেন্দ্রসমূহে একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে। তবে B1, B2 ও D1 উপ-ইউনিটের ভর্তি পরীক্ষা শুধুমাত্র চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

আবেদনকারী কোন্ বিভাগীয় শহরে পরীক্ষা দিতে ইচ্ছুক আবেদন করার সময় ১ম, ২য় ও ৩য় পছন্দের অপশনে সঠিকভাবে নির্বাচন করতে হবে।

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার সময়সূচি**

| ক্রম | ইউনিট/উপ-ইউনিট | ভর্তি পরীক্ষার তারিখ |
|---|---|---|
| ১. | A ইউনিট | ১ মার্চ ২০২৫ (শনিবার) |
| ২. | B ইউনিট | ৮ মার্চ ২০২৫ (শনিবার) |
| ৩. | B1 উপ-ইউনিট | ১০ মার্চ ২০২৫ (সোমবার) |
| ৪. | B2 উপ-ইউনিট | ১১ মার্চ ২০২৫ (মঙ্গলবার) |
| ৫. | C ইউনিট | ১৫ মার্চ ২০২৫ (শনিবার) |
| ৬. | D ইউনিট | ২২ মার্চ ২০২৫ (শনিবার) |
| ৭. | D1 উপ-ইউনিট | ২৪ মার্চ ২০২৫ (সোমবার) |

**B1 ও D1 উপ-ইউনিট ব্যবহারিক পরীক্ষা সময়সূচি**

| বিভাগ/ইনস্টিটিউট | তারিখ | বার |
|---|---|---|
| চারুকলা ইনস্টিটিউট | ১৫ এপ্রিল ২০২৫ | মঙ্গলবার |
| নাট্যকলা বিভাগ | ১৬ এপ্রিল ২০২৫ | বুধবার |
| সংগীত বিভাগ | ১৭ এপ্রিল ২০২৫ | বৃহস্পতিবার |
| ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগ | ২০ ও ২১ এপ্রিল ২০২৫ | রবিবার ও সোমবার |

৫. **মেধাস্কোর ও মেধাক্রম:**

এক ঘন্টা ব্যাপী একশতনম্বরের ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে নেয়া হবে।তবে নাট্যকলা, চারুকলা, সংগীত এবং ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিষয়ের ভর্তি পরীক্ষা MCQ এবং ব্যবহারিক উভয় পদ্ধতির সমন্বয়ে নেয়া হবে।

মেধাস্কোর ও মেধাক্রম বিভিন্ন ইউনিট/উপ-ইউনিটের মেধা তালিকা তৈরীর ক্ষেত্রে ভর্তি নির্দেশিকায় সংশ্লিষ্ট ইউনিট/ উপ-ইউনিট অংশে বিবৃত পদ্ধতি অনুসৃত হবে।

ভর্তি পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বর থেকে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।তবে C ইউনিট ভর্তি পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বর থেকে প্রতিটি ১ মানের প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ এবং প্রতিটি ২ মানের প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কর্তন করা হবে।

৬. **অন্যান্য নিয়মাবলী:**

i. প্রশ্নপত্র (ইংরেজি বিষয় ছাড়া) সাধারণত বাংলায় প্রণীত হবে।তবে কোন ইউনিটে ইংরেজি মাধ্যমের ভর্তিচ্ছু আবেদনকারী থাকলে তাদের জন্য সেই ইউনিটে বাংলায় প্রণীত প্রশ্নপত্রের ইংরেজি অনূদিত প্রশ্নপত্র সরবরাহ করা হবে।

ii. কোন আবেদনকারী ইংরেজি মাধ্যমে পরীক্ষা দিতে চাইলে স্ব স্ব ইউনিট/উপ-ইউনিটে আবেদন করার সময় তা সঠিকভাবে নির্বাচন করতে হবে। GCE O/A লেভেলের আবেদনকারীদেরকে ইংরেজি মাধ্যমে পরীক্ষা দিতে চাইলে স্ব স্ব ইউনিট/উপ-ইউনিটে আবেদন করার সময় তা সঠিকভাবে নির্বাচন করতে হবে।

iii. ভর্তিচ্ছু সকল আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সম্পর্কিত সকল তথ্য নিজ দায়িত্বে সংশ্লিষ্ট ইউনিট অফিস থেকে অথবা চবি ভর্তির ওয়েবসাইট থেকে (https://admission.cu.ac.bd) জেনে নিতে হবে। চিঠির মাধ্যমে কোন আবেদনকারীকে কিছু জানানো হবে না।

iv. ভর্তি পরীক্ষার সিট প্ল্যান স্ব স্ব ইউনিট অফিসের নোটিশ বোর্ডে এবং চবি ভর্তির ওয়েবসাইটে প্রচার করা হবে। আবেদনকারীকে নিজ দায়িত্বে নির্ধারিত কক্ষ নম্বর ও আসন সম্পর্কিত তথ্য জেনে নিয়ে পরীক্ষার দিন নির্দিষ্ট কক্ষ ও আসনে বসে পরীক্ষা দিতে হবে।

v. ভর্তি পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্বে থেকে বিস্তারিত আসন বিন্যাস চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে দেখা যাবে। এছাড়া আবেদনকারীকে প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী এসএমএস এর মাধ্যমে নিজ নিজ আসন বিন্যাস জানিয়ে দেয়া হবে।

vi. ভর্তি পরীক্ষার সময় ভর্তিচ্ছু আবেদনকারীর উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড, A লেভেলের Statement of Entry এর মূলকপি এবং ডাউনলোডকৃত দুই কপি প্রবেশপত্রের সাথে দুই কপি পাসপোর্ট সাইজের ছবি **স্ট্যাপল করে** পরীক্ষার হলে অবশ্যই নিয়ে আসতে হবে।

vii. ভর্তি পরীক্ষার উত্তরপত্র চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সরবরাহ করবে। উত্তরপত্রের বৃত্তগুলো শুধুমাত্র কালো কালির বলপেন দ্বারা ভরাট করতে হবে, যাতে বৃত্তের লেখাগুলো দেখা না যায়। অন্য কালি দিয়ে বৃত্ত ভরাট করা বা লেখা যাবে না।

viii. ভর্তি পরীক্ষার উত্তরপত্র কম্পিউটারের মাধ্যমে মূল্যায়ন করা হবে। তাই এটি ভাঁজ করা বা স্ট্যাপল করা বা এর সাথে কিছু যুক্ত করা বা এতে কোন অবাঞ্ছিত দাগ দেয়া যাবে না।

ix. উত্তরপত্রে Roll Number ও Application ID না লিখলে বা ভুল লিখলে বা ঘষামাজা করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

x. ভর্তি পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে FX-100 বা এর নিচে সাধারণ মানের (মেমোরি অপশন/সিম ব্যতীত) ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।পরীক্ষার হলে পরীক্ষার্থীর মোবাইল ফোন, স্মার্ট ওয়াচ, ব্লুটুথ ও অন্যান্য মাধ্যমে যোগাযোগ করা যায় এমন যেকোনো ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হলে কোন পরীক্ষার্থীর কাছে এরূপ যেকোনো প্রকার ডিভাইস পাওয়া গেলে, পরীক্ষার্থী ব্যবহার করুক বা না করুক সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে বহিস্কার করা হবে।

xi. কোন আবেদনকারী অন্যের ছবি/নম্বরপত্র ব্যবহার করলে অথবা অন্য যেকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

xii. প্রক্সির (একজনের পরীক্ষায় আরেকজন অংশগ্রহণ) মাধ্যমে কেউ ভর্তি পরীক্ষায় অংশ নিলে তার ভর্তি পরীক্ষা বাতিল করা হবে এবং তাকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে সোপর্দ করা হবে।

xiii. ভর্তি প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে এমনকি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে অথবা যদি দেখা যায় যে, আবেদনকারীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে আবেদনকারীর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি এবং/অথবা ভর্তি পরীক্ষা এবং/অথবা বিভাগ/বিষয়/ইনস্টিটিউট মনোনয়ন বাতিল করা হবে।

xiv. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি হওয়ার পর যেকোনো সময়ে প্রক্সি/জালিয়াতির মাধ্যমে ভর্তি হওয়ার বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তি/প্রদত্ত ডিগ্রি বাতিল করা হবে।

xv. মেধাস্কোরের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ আবেদনকারী পরীক্ষার্থীদের মেধা তালিকা ও ফলাফল ভর্তি পরীক্ষার পরে যুক্তিসংগত সময়ের মধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে পাওয়া যাবে।

xvi. মেধা তালিকা প্রকাশের পর নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট পছন্দক্রম (Choice List) এবং Student Information Form (SIF) পূরণ করতে হবে। বিভাগ পছন্দের ক্ষেত্রে অনলাইনে যে বিভাগগুলো প্রদর্শিত হবে সেখান থেকে পছন্দ অনুযায়ী ক্রমানুসারে সতর্কতার সহিত উল্লেখ করতে হবে এবং অনলাইনে প্রদর্শিত সব কয়টি বিভাগ/বিষয় পছন্দের তালিকায় থাকতে হবে।

পরবর্তীতে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট Choice এবং ভর্তি পরীক্ষার মেধাক্রম ও ভর্তির যোগ্যতা অনুসারে বিভাগ বণ্টনের তথ্য সংশ্লিষ্ট ইউনিটের নোটিশ বোর্ডে দেয়া হবে। উক্ত তথ্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটেও দেখা যাবে। এছাড়া ভর্তিচ্ছু আবেদনকারীকে তার জন্য নির্ধারিত তারিখ অনুযায়ী মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান এর মূল নম্বরফর্দসহ সংশ্লিষ্ট ইউনিট অফিসে উপস্থিত হতে হবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত আবেদনকারীর ক্ষেত্রে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান এর মূল নম্বর ফর্দ জমা রাখা হবে।(সকল কাগজপত্র/ডকুমেন্ট-এর ১ সেট ফটোকপি ও মূলকপি সঙ্গে রাখতে হবে)।

xvii. ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত আবেদনকারীকে SIF (অনলাইনে পূরণকৃত) এর ডাউনলোডকৃত হার্ডকপির সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে, সেই প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র জমা দিতে হবে।

xviii. ভর্তি পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে আকস্মিক কোন সমস্যা দেখা দিলে তা নিরসনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

xix. ভর্তি সংক্রান্ত যেকোনো নিয়ম-নীতি পরিবর্তন,সংশোধন,পরিবর্ধন,সংযোজন ও বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

## ৭। ভর্তি সংক্রান্ত তথ্যাবলীর জন্য যোগাযোগের ঠিকানা:

| | | |
|---|---|---|
| একাডেমিক শাখা, রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | মোবাইল নম্বর: | 01555555158, 01556570088 |
| জীববিজ্ঞান অনুষদ (A unit) | মোবাইল নম্বর: | 01555555142 |
| কলা ও মানববিদ্যা অনুষদ (B, B1, B2 unit/sub-units) | মোবাইল নম্বর: | 01555555136 |
| ব্যবসায় প্রশাসন অনুষদ (C unit) | মোবাইল নম্বর: | 01555555137 |
| আইন অনুষদ (D, D1 unit/sub-unit) | মোবাইল নম্বর: | 01555555139 |

| | | |
|---|---|---|
| HELP DESK<br>সকাল ০৯:০০ টা থেকে রাত ৭:০০ টা পর্যন্ত | | আইসিটি সেল, আইটি ভবন (কক্ষ নং-২০১), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |
| | মোবাইল নম্বর: | 01555555140, 01555555141, 01556570077 |
| | ই-মেইল: | admission@cu.ac.bd |
| | ফোন: | PABX: 02334460766-74, 79-91 Ext: 4255 |

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি চবি ভর্তির ওয়েবসাইটে (https://admission.cu.ac.bd) প্রচারিত ভর্তি নির্দেশিকা ও ভর্তি ম্যানুয়ালে পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রচারিত ভর্তি নির্দেশিকা ও ভর্তি ম্যানুয়ালে উল্লেখ নেই ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে ভর্তি নির্দেশিকায় উল্লিখিত সংশ্লিষ্ট ইউনিট কার্যালয়/হেল্প ডেস্ক/হটলাইন এর নির্দিষ্ট ফোন নম্বরে যোগাযোগ করতে হবে।

(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার অফিস
ও
সচিব
১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি কমিটি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়